



জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধানটি বোরো মৌসুমের জন্য চাষ উপযোগী ব্রি উদ্ভাবিত একটি জাত। ইহার কৌলিক সারি বিআরএইচ২। জাতটি ২০০৯ সালে জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদন লাভ করে।

জাতের বৈশিষ্ট্য

- ▶ এটি একটি আগাম জাত।
- ▶ গাছের উচ্চতা ১১০ সেন্টিমিটার।
- ▶ চাল মাঝারি মোটা।
- ▶ ভাত বরবারে।



জীবনকাল

এ জাতটির জীবনকাল ১৪৫ দিন।

ফলন

এই জাতের গড় ফলন হেক্টর প্রতি ৯.০ টন।

ব্রি হাইব্রিড ধানটি

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন	৪	১-৩০ অগ্রাহায়ণ (১৫ নভেম্বর-১৫ ডিসেম্বর)।
২. চারা রোপণ	৪	১-৩০ পৌষ (১৫ ডিসেম্বর-১৫ জানুয়ারি)।
৩. বীজের হার	৪	১৫-২০ কেজি/হেক্টর।
৪. চারার বয়স	৪	৩০-৩৫ দিনের চারা।
৫. রোপণ দুরত্ব	৪	২০×১৫ সেন্টিমিটার।
৬. প্রতি গোছায়	৪	১-২ টি
৭. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):		ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা

	৩৬	১৭	১৬	৯	১
৭.১ জমি তৈরির সময়	১২	১৭	১১	৯	১
৭.২ চারা রোপণের ১৫-২০ দিন পর	১২		৫		
৭.৩ চারা রোপণের ৪০-৪৫ দিন পর	১২				

- | |
|--|
| অর্থাৎ ইউরিয়া সার সমান ৩ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি তৈরির সময়, ২য় কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর এবং ৩য় কিস্তি চারা রোপনের ৪০-৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া সার প্রয়োগ করাই উত্তম। |
| ৮. আগাছা দমন ৪ রোপণের পর ৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে। |
| ৯. সেচ ব্যবস্থাপনা ৪ ধানের দুধ অবস্থা পর্যন্ত জমিতে যথেষ্ট পরিমাণ পানি বা রসের ব্যবস্থা রাখতে হবে। |
| ১০. রোগ বালাই দমন ৪ অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে। |
| ১১. ফসল পাকা ও কাটা ৪: ২৫ চৈত্র - ৫ বৈশাখ (৮-১৮ এপ্রিল) ৮০% ধান পেকে গেলে কাটতে হবে। |

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যাট শীট ১৭